

শ্রীশ্রী শারদীয়া দুর্গাপূজার নির্ঘণ্ট

ঢাকা

(বাংলাদেশের স্থানীয় সময়ানুযায়ী)

১৯শে আশ্বিন ১৪১৫, ৫ই অক্টোবর ২০০৮, রবিবার। সূর্যোদয় ঘ ৫/৪২, সূর্যাস্ত ঘ ৫/৪০। পূর্বাহ্ন ঘ ৯/৪৮। ষষ্ঠী রাত্রি ঘ ১১/২০। শ্রীশ্রীশারদীয়া দুর্গাষষ্ঠী। পূর্বাহ্ন ঘ ৯।৪৮ মধ্যে শ্রীশ্রীশারদীয়া দুর্গাদেবীর ষষ্ঠ্যাতি কল্পারম্ভ ও ষষ্ঠী বিহিত পূজা প্রশস্তা। সায়ংকালে শ্রীশ্রীশারদীয়া দুর্গাদেবীর বোধন, আমন্ত্রণ ও অধিবাস।

২০শে আশ্বিন ১৪১৫, ৬ই অক্টোবর ২০০৮, সোমবার। সপ্তমী রাত্রি ঘ ১।৫২। শ্রীশ্রীদুর্গা সপ্তমী। শ্রীশ্রীশারদীয়া দুর্গাপূজা। পূর্বাহ্ন ঘ ৯/৪৮ মধ্যে কিন্তু বারবেলানুরোধে দিবা ঘ ৭/২০ মধ্যে পুনঃ দিবা ঘ ৮/৪৮ গতে পূর্বাহ্ন মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর নবপত্রিকা প্রবেশ স্থাপন, সপ্তম্যাতি কল্পারম্ভ ও সপ্তমী বিহিত পূজা প্রশস্তা।

দেবীর গজে আগমন। ফলম্-গজে চ জলদাদেবী শস্যপূর্ণাবসুন্ধরা।।

২১শে আশ্বিন ১৪১৫, ৭ই অক্টোবর ২০০৮, মঙ্গলবার। অষ্টমী রাত্রি ঘ ৪/১১। মহাষ্টমী। পূর্বাহ্ন ঘ ৯/৪৮ মধ্যে কিন্তু বারবেলানুরোধে দিবা ঘ ৭/২০ মধ্যে পুনঃ দিবা ঘ ৮/৪৮ গতে পূর্বাহ্ন মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর মহাষ্টমী বিহিত পূজা, অষ্টম্যাতি কল্পারম্ভ ও কেবল মহাষ্টমী কল্পারম্ভ প্রশস্তা। রাত্রি ঘ ১১/২২ গতে রাত্রি ঘ ১২/১০ মধ্যে কালানুসারে শ্রীশ্রীদুর্গাদেবীর অর্ধরাত্র বিহিত পূজা। রাত্রি ঘ ৩/৪৭ গতে সন্ধি পূজারম্ভ। রাত্রি ঘ ৪/১১ গতে বলিদান। রাত্রি ঘ ৪/৩৫ মধ্যে সন্ধিপূজা সমাপন। বীরাষ্টমী ও মহাষ্টমীর ব্রতোপবাস।

২২শে আশ্বিন ১৪১৫, ৮ই অক্টোবর ২০০৮, বুধবার। নবমী অহোরাত্র মহানবমী। পূর্বাহ্ন ঘ ৯/৪৮ মধ্যে কিন্তু বারবেলানুরোধে দিবা ঘ ৮/৪৮ মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর মহানবমী বিহিত পূজা ও কেবল মহানবমী কল্পে পূজা প্রশস্তা।

২৩শে আশ্বিন ১৪১৫, ৯ই অক্টোবর ২০০৮, বৃহস্পতিবার। নবমী প্রাতঃ ঘ ৬/০৪ পরে দশমী পরদিবসীয় দিবা ঘ ৭/১৭ পর্যন্ত। প্রাতঃ ঘ ৬/৪ গতে পূর্বাহ্ন ঘ ৯/৪৮ মধ্যে শ্রীশ্রীদুর্গাদেবীর দশমী বিহিত পূজা ও বিসর্জন প্রশস্তা। বিজয়া দশমী কৃত্য। কুলাচারানুসারে বিসর্জনাতে শ্রীশ্রীঅপরজিতা পূজা। শ্রীশ্রীবিজয়া দশমী। দশেরা।

দেবীর দোলায় গমন। ফলম্-দোলায়াং মরকং ভবেৎ।।